ঝিনাইদহের মহেশপুরে ফুটবল খেলা নিয়ে সংঘর্ষ নিহত ১: আহত ৩ জন

ফুটবল খেলা নিয়ে দর্শকদের মধ্যে মারামারি ঘটনা ঘটেছে। ওই ঘটনায় ১ জন নিহত আর ৩ জন আহত হয়েছেন। শুক্রবার বিকেলে মহেশপুরের আলমপুর ৪ নম্বর স্কুল মাঠের এ ঘটনা। বর্তমানে আহত দুই জন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

মৃত হানিফ মন্ডলের চাচা সুমন হোসেন বলেন, শুক্রবার বিকেলে মহেশপুরের আলমপুর ৪ নম্বর স্কুল মাঠে ফুটবল খেলা হচ্ছিল। খেলা নিয়ে তর্কে জড়িয়ে পড়েন দর্শকদের দুটি পক্ষ। এরপর মারামারি ঘটনা ঘটে। ওই মারামিতে মারা গেছে আমার ভাইপো হানিফ মন্ডল (৩০)। সে মহেশপুরের আলমপুর ৪ নম্বরের রফিকুল ইসলামের ছেলে।

এছাড়া আহত হচ্ছেন,ওই গ্রামের সিদ্দিকুর রহমানের ছেলে শফিকুল ইসলাম (৩৫),মোকবুল ইসলামের ছেলে আরিফুল ইসলাম (২৭),শফিকুল ইসলামের ছেলে মতিয়ার রহমান(৩৫)।

মৃত হানিফ মন্ডল আলমপুর ৬ ওয়ার্ড যুবলীগের সভাপতি বলে জানা গেছে। পারিবারিক জীবনে তিনি ২ সন্তানের জনক। বর্তমানে তাঁর মৃত দেহ কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে পড়ে রয়েছে। আর আহতদের মধ্যে দুই জন চিকিৎসাধীন রয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তারুনী পাশা বলেন, হানিফকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। এ ছাড়া আহত অবস্থায় পেয়েছি ৩ জনকে। এদের মধ্যে ২ জনকে চিকিৎসা দিয়ে ভর্তি করা হয়েছে। আরেক জন প্রাথমিক চিকিৎসা নিয়ে চলে গেছেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) সাজ্জাদ হোসেন বলেন,ঘটনা শুনে স্বাস্থ্য কমপ্লেক্সে আসছিলাম। এসে দেখি ফুটবল খেলা নিয়ে মারামারিতে হানিফ নামে একজন মারা গেছেন। আহত হয়েছেন ৩ জন। আমরা মৃত দেহের সুরতহাল করেছি। ময়না তদন্তের জন্য ও পাঠাব। তবে তাদের বাড়ি মহেশপুর থানায় হওয়ায় মামলা হবে ওই থানায়।

লঙ্কাদের হারিয়ে, গল টেস্টে জয় পাকিস্তানের

গেল বছরের এই দিনে গলে শ্রীলঙ্কাকে ৪ উইকেটে হারিয়েছিলো পাকিস্তান। এরপর আন্তর্জাতিক অঙ্গনে ছয় টেস্ট খেলে কোন জয় পায়নি পাকিস্তান। অবশেষে এক বছর পর সেই শ্রীলঙ্কার বিপক্ষে সেই একই ভেন্যুতেই জয়ের দেখা পেল সফরকারী পাকিস্তান। জয়ের ব্যবধানটাও সেই একই, ৪ উইকেটে। এবারের শ্রীলংকা সফরে দুই ম্যাচ টেস্ট সিরিজের প্রথমটি জিতে ১-০ ব্যবধানে এগিয়ে গেল পাকিস্তান।

শ্রীলঙ্কার ছুঁড়ে দেওয়া ১৩১ রানের জবাবে চতুর্থ দিন শেষে ৩ উইকেটে ৪৮ রান করেছিলো পাকিস্তান। গল টেস্ট জিততে পঞ্চম ও শেষ দিন ৮৩ রান দরকার ছিলো পাকিস্তানের। শ্রীলঙ্কার প্রয়োজন ৭ ছিলো উইকেট। ওপেনার ইমাম উল হক ২৫ ও অধিনায়ক বাবর আজম ৬ রানে অপরাজিত ছিলেন।

শেষ দিনের ষষ্ঠ ওভারে শ্রীলঙ্কাকে প্রথম সাফল্য এনে দেন আগের দিন ২ উইকেট নেওয়া বাঁহাতি স্পিনার প্রবাথ জয়সুরিয়া। ২৪ রানে বাবরকে থামান তিনি।

দলীয় ৭৯ রানে বাবর ফেরার পর উইকেটে ইমামের সঙ্গী হন প্রথম ইনিংসে অপরাজিত ২০৮ রান করা সৌদ শাকিল। শ্রীলঙ্কার বোলারদের শক্ত হাতে সামলে পঞ্চম উইকেটে ৫৫ বলে ৪৩ রানের জুটি গড়ে পাকিস্তানকে জয়ের কাছাকাছি নিয়ে যান তারা।

শাকিলকে ৩০ রানে আউট করে জুটি ভাঙ্গেন লঙ্কান অফ-স্পিনার রমেশ মেন্ডিস। শাকিল যখন ফিরেন তখন জয় থেকে ৯ রান দূরে পাকিস্তান। এরপর উইকেটরক্ষক সরফরাজ আহমেদকেও ১ রানে জয়সুরিয়া শিকার করলে লড়াই অব্যাহত রাখে শ্রীলঙ্কা। ঐ সময় পাকিস্তানের দরকার ছিলো ৪ রান। ঐ ওভারের পঞ্চম ডেলিভারিতে ছক্কা মেরে শ্রীলঙ্কার আশাকে ভেস্তে দিয়ে পাকিস্তানের জয় নিশ্চিত করেন আগা সালমান।

টেস্ট ক্যারিয়ারের অষ্টম হাফ-সেঞ্চুরি তুলে ৫০ রানে অপরাজিত থাকেন ইমাম। ৮৪ বল খেলে ৪টি চার ও ১টি ছক্কা মারেন তিনি। ৬ রানে অপরাজিত থাকেন সালমান। শ্রীলঙ্কার জয়সুরিয়া ৫৬ রানে ৪ উইকেট নেন।

এই নিয়ে গলে তৃতীয় জয়ের স্বাদ পেল পাকিস্তান। এ ভেন্যুতে সফরকারী

দল হিসেবে সর্বোচ্চ ম্যাচ জয়ের রেকর্ড গড়লো পাকিস্তান। সব মিলিয়ে শ্রীলঙ্কার মাটিতে ষষ্ঠ জয় পাকিস্তানের। শ্রীলঙ্কার মাটিতে সর্বোচ্চ টেস্ট জয়ে ইংল্যান্ডের রেকর্ড স্পর্শ করলো পাকিস্তান।

প্রথম ইনিংসে অপরাজিত ২০৮ ও দ্বিতীয় ইনিংসে ৩০ রান করে ম্যাচ সেরা হন পাকিস্তানের শাকিল। আগামী ২৪ জুলাই থেকে কলম্বোতে সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্ট খেলতে নামবে দুই দল।

সূত্র: ইত্তেফাক

১০ অক্টোবর শুরু এনসিএল

আগামী ১০ অক্টোবর থেকে শুরু হবে বাংলাদেশের দু’টি প্রথম শ্রেণির টুর্নামেন্টের একটি জাতীয় ক্রিকেট লিগ (এনসিএল)। ইতোমধ্যেই আসন্ন মৌসুমের ঘরোয়া ক্যালেন্ডার চূড়ান্ত করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

দ্বি-স্তর বিশিষ্ঠ চার দিনের এই টুর্নামেন্টে সাতটি বিভাগ এবং ঢাকা মেট্রো অংশ নিবে। ১৭ নভেম্বর শেষ হবে এনসিএল। এরপর ২৬ নভেম্বর থেকে শুরু হবে দেশের প্রথম শ্রেণির শীর্ষ টুর্নামেন্ট হিসাবে বিবেচিত বাংলাদেশ ক্রিকেট লিগ (বিসিএল)।

এনসিএলের পারফরমেন্সের ভিত্তিতে বিসিএলের চারটি দলে জায়গা করে নেবেন ক্রিকেটাররা। বিসিএল শেষ হবে ১৯ ডিসেম্বর। ওয়ানডে ফরম্যাটের বিসিএল চলবে ২২ থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত।

আগামী বছরের ১০ জানুয়ারি থেকে বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) টি-টোয়েন্টি টুর্নামেন্ট শুরু হওয়ার কথা থাকলেও জাতীয় নির্বাচনের জন্য সময়সূচিতে পরিবর্তন হতে পারে।

আগামী বছরের ১২ মার্চ থেকে শুরু হবে ঘরোয়া ক্রিকেটের সবচেয়ে আকর্ষণীয় ওয়ানডে প্রতিযোগিতা ঢাকা প্রিমিয়ার লিগ (ডিপিএল)।

সূত্র: ইত্তেফাক

আলমডাঙ্গায় বঙ্গবন্ধু গোল্ডকাপ অনুর্ধ্ব-১৭ ফুটবলের ফাইনাল খেলা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবলের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে। অনুর্ধ্ব ১৭ এই টুর্নামেন্টের ফাইনালে নাগদাহ ইউনিয়ন পরিষদ একাদশকে ৩-২ গোলে হারিয়ে শিরোপা জিতেছে গাংনী ইউনিয়ন পরিষদ একাদশ।

আজ মঙ্গলবার বিকেল ৪টায় আলমডাঙ্গা এটিম মাঠে ফাইনালে দুই দল মুখোমুখি হয়। মাঠে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রসাশক আমিনুল ইসলাম খাঁন। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান মো. আয়ুব হোসেন, উপজেলার নির্বাহি অফিসার স্নিগ্ধা দাস এবং পৌর মেয়র আলহাজ্ব হাসান কাদির গনু।

গত ১০ জুলাই এই টুর্নামেন্ট শুরু হয়। নক আউট ভিত্তিতে হওয়া এই টুর্নামেন্টে ১৬ টি দল অংশ নেয়। তার মধ্যে ১৫ দলের দায়িত্ব নেন ইউনিয়ন চেয়ারম্যান বৃন্দ। একটি দলের দায়িত্বে ছিলেন পৌরসভার মেয়র। খেলা পরিচালনা করেন আলমডাঙ্গা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক জিহাদি জুলফিকার টুটুল ।

ফাইনাল খেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারী কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা রিসোর্স সেন্টারের ইন্সট্রাকটর জামাল হোসেন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, ফুড ইন্সপেক্টর লিটন কুমার বিশ্বাস, উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য হাসিবুজ্জামান, আনসার ভিডিপির অফিসার আজিজুল হাকিম প্রমূখ।

মোনাখালী ফুটবল টুর্নামেন্টের ৫ম ম্যাচ অনুষ্ঠিত

আজ মঙ্গলবার বিকেলে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের পঞ্চম ম্যাচ অনুষ্ঠিত হয়েছে সুবিদপুর ফুটবল একাদশ ও বাঁশবাড়িয়া ফুটবল একাদশের মধ্যে।

সুবিদপুর একাদশ দুর্দান্ত খেলা উপহারের দেয় । ৩-০ গোলে বিধ্বস্ত করে বাঁশবাড়িয়া একাদশ কে।

খেলাটি পরিচালনা করেন সোহেল আহমেদ। তাকে সহযোগিতা করেন কায়েস এবং শরিফুল ইসলাম।

টুর্নামেন্টের ষষ্ঠ ম্যাচটি আগামীকাল বুধবার বিকেলে অনুষ্ঠিত হবে চন্দ্রবাস ফুটবল একাদশ ও কেশবপুর ইয়াং স্টার ক্লাবের মধ্যে।

গাংনী নওয়াপাড়া বাজার কমিটির আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

গাংনী উপজেলার নওয়াপাড়া বাজার কমিটির আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে ভাটপাড়া ফুটবল মাঠে খেলা অনুষ্ঠিত হয়। খেলায় এক দিকে অংশ গ্রহন করেন নওপাড়া বাজারের দক্ষিণ পার্শের ব্যবসায়ী অপরদিকে অংশ গ্রহন করেন উত্তর পার্শের ব্যবসায়ী বৃন্দ।

৯০ মিনিটের খেলায় ১-১ গোলে ড্র করেন উভয় দলের খেলোয়াড়। মাঠের

কানাই কানাই পূর্ণ হয়ে ফুটবল খেলা উপভোগ করেন ফুটবল প্রীয় দর্শক।

খেলা পরিচালনা করেন ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক আতিয়ার রহমান। তার সহযোগিতায় সহকারী ছিলেন আদিল আহমেদ ও আরিফুল ইসলাম। দুই দলের সমতা গোলে খেলা নিষ্পত্তি করা হলেও দুই দলের খেলোয়াড় দের মাঝে মেডেল ও ট্রফি বিতরণ করা হয়। ট্রফি বিতরণ করেন নওপাড়া বাজার কমিটির সভাপতি আবুল বাসার ও সাধারণ সম্পাদক আরাফাত হোসেন।

এসময় উপস্থিত ছিলেন, বাজার কমিটির সহ সভাপতি হেলাল আহমেদ, কৃতি ফুটবলার আসাদুজ্জামান চৌধুরী মুকুল,সাংবাদিক আকতারুজ্জামান, প্রবীণ ব্যাক্তিত্ব হাজি ইয়াকুব আলী,রকিবুল ইসলামসহ স্থানীয় ব্যাক্তিবর্গ।

ধারা বিবরনে ছিলেন ইয়ারুল ইসলাম,আরিফ ও জয়নাল আবেদিন। ট্রফি গ্রহন করেন দুই দলের অধিনায়ক মিরাজুল ইসলাম মিলন ও নাজমুল হক।

বাংলাদেশের নিউজিল্যান্ড সফরের সূচি প্রকাশ

আসন্ন বিশ্বকাপের পরই নিউজিল্যান্ড সফর করবে বাংলাদেশ দল। তিন ম্যাচ ওয়ানডে আর তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের সূচি প্রকাশ করেছে নিউজিল্যান্ড ক্রিকেট।

টাইগারদের নিউজিল্যান্ড সফর শুরু হবে ওয়ানডে সিরিজ দিয়ে। ১৭ ডিসেম্বর ডানেডিনে প্রথম ওয়ানডে খেলতে নামবে টাইগার বাহিনী। এরপর ২০ ডিসেম্বর নেলসন আর ২৩ ডিসেম্বর নেপিয়ারে হবে পরের দুই ওয়ানডে।

চারদিনের বিরতির পর ২৭ ডিসেম্বর নেপিয়ারে প্রথম টি-টোয়েন্টি ম্যাচে কিউইদের মুখোমুখি হবে বাংলাদেশ। ২৯ আর ৩১ ডিসেম্বর পরের দুই টি-টোয়েন্টি ম্যাচ হবে তাউরাঙ্গাতে।

এদিকে, টাইগাররা নিউজিল্যান্ড সফরে যাওয়ার আগে বিশ্বকাপের ঠিক

পরই বাংলাদেশ সফরে আসবে কিউইরা। খেলবে দুই ম্যাচের টেস্ট সিরিজ। এই সিরিজের সূচি অবশ্য আগেই জানিয়েছে বিসিবি। নভেম্বরের ২৮ তারিখ প্রথম টেস্ট মাঠে গড়াবে সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে। এরপর ডিসেম্বরের ৬ তারিখে মিরপুরের শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে শুরু হবে দ্বিতীয় টেস্ট।

বাংলাদেশের নিউজিল্যান্ড সফরের সূচি:

১ম ওয়ানডে: ১৭ ডিসেম্বর, ভেন্যু: ডানেডিন

২য় ওয়ানডে: ২০ ডিসেম্বর, ভেন্যু: নেলসন

৩য় ওয়ানডে: ২৩ ডিসেম্বর, ভেন্যু: নেপিয়ার

১ম টি-টোয়েন্টি: ২৭ ডিসেম্বর, ভেন্যু: নেপিয়ার

২য় টি-টোয়েন্ট: ২৯ ডিসেম্বর, ভেন্যু: তাউরাঙ্গা

৩য় টি-টোয়েন্টি: ৩১ ডিসেম্বর, ভেন্যু: তাউরাঙ্গা

সূত্র: ইত্তেফাক

দক্ষিণ আফ্রিকাকে উড়িয়ে সিরিজ জিতলো বাংলাদেশ

আফ্রিকা অনূর্ধ্ব-১৯ দলের বিপক্ষে হেরে সিরিজ শুরু করেছিল বাংলাদেশের যুবারা। ৫০ ওভারের এই সিরিজের পরের ম্যাচ জিতে সমতা আনে স্বাগতিকরা। তবে তৃতীয় ম্যাচে আবার এগিয়ে যায় প্রোটিয়ারা। এরপর চতুর্থ ম্যাচ জিতে সিরিজে ফের সমতা আনে যুবা টাইগাররা। ফলের সিরিজের পঞ্চম ও শেষ ম্যাচ হয়ে দাঁড়ায় অলিখিত ফাইনাল। আর সিরিজের পঞ্চম ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ৩ উইকেটে হারিয়ে সিরিজ নিজেদের করে নিলো বাংলাদেশের যুবারা।

আজ (সোমবার) রাজশাহীর শহীদ কামরুজ্জামান স্টেডিয়ামে টস জিতে দক্ষিণ আফ্রিকাকে ব্যাটিংয়ে বাংলাদেশ। প্রথমে ব্যাট করে ৪৯ ওভার

৪ বলে ২১০ রানে অলআউট হয় দক্ষিণ আফ্রিকা। জবাবে ১৭ বল হাতে রেখে ৭ উইকেট হারিয়ে জয় পায় বাংলাদেশের যুবারা।

প্রথমে ব্যাট করতে নেমে শুরুতেই ধাক্কা খায় দক্ষিণ আফ্রিকা। দলীয় ৪৯ রানে তিন ব্যাটারকে হারায় তারা। এরপর ডেভিড টিগার ও রিচার্ড সেলটসওয়ানে মিলে ৫২ রানের জুটি গড়ে শুরু ধাক্কা সামাল দেয়।

তবে দলীয় ১০১ রানে ৪৭ বলে ২৭ রান করে আউট হন রিচার্ড সেলটসওয়ানে। এরপর ক্রিজে আস অধিনায়ক জুয়ান জেমসকে সঙ্গে নিয়ে ব্যাট করতে থাকেন টিগার। তবে দলীয় ১৪৫ রানে ৮৯ বলে ৬৩ রান করে আউট হন টিগার।

এরপর নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে ২১০ রানে অলআউট হয় দক্ষিণ আফ্রিকা। বাংলাদেশের পক্ষে মাহফুজ রাব্বি নেন ৩টি উইকেট।

২১১ রানের টার্গেটে ব্যাট করতে নেমে বাংলাদেশকে ভালো শুরু এনে দেন দুই ওপেনার আদিল বিন সিদ্দিক ও রিজওয়ান। উদ্বোধনী জুটিতে ৪০ রান সংগ্রহ করেন এই দুই ব্যাটার। তবে এরপর দ্রুতই জোড় উইকেট হারায় বাংলাদেশ।
রিজওয়ান ২১ বলে ১৩ ও রিজান হোসেন ১১ বলে ৩ রান করে সাজঘরে ফিরে যান। এরপর ক্রিজে আসা আরিফুলকে সঙ্গে নিয়ে ৮৭ রানের জুটি গড়েন আদিল।

তবে দলীয় ১৩৫ রানে ৭০ বলে ৫৮ রান করে আউট হন আদিল। এরপর আরও তিন উইকেট হারালেও অন্যপ্রান্ত আগলে রাখেন আরিফুল।

আরিফুলের ব্যাট ভর করে জয়ের ভীত পায় বাংলাদেশ। দলীয় ১৮৯ রানে ৮১ বলে ৭১ রান করে আউট হন। এরপর মাহফুজ রাব্বি ও রাফি মিলে ১৭ বল হাতে রেখে বাংলাদেশের জয় নিশ্চিত করেন। এই জয়ে ৩-২ ব্যবধানে সিরিজ জিতলো টাইগার যুবারা।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করেন। অধিনায়ক নিজে মাত্র ১৯ রানে আউট হলেও কিভাবে ব্যাটিং করতে হবে, তাওহীদ হৃদয় ও শামিম পাটোয়ারিকে সেটা দেখিয়েছেন। এমন ধরনের বাজে শুরুর পর বাংলাদেশ খুব কম ম্যাচেই জিততে পেরেছে। তবে ফলাফলের চিন্তা না করে ইতিবাচক ক্রিকেট খেলেছে হৃদয় ও শামিম। হৃদয় বা শামিমের কেউই স্বাভাবিক পাওয়ার হিটার হিসেবে খুব বেশি অভিজ্ঞ নয়। তবে সাকিব ও কোচ হাথুরুর চাওয়া ঠিকই পূরণ করেছে তারা।

সূত্র: ইত্তেফাক